

ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা
কামালঘাট, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা-৭৯৯২১০

সেহা নং-আইইউ-ত্রিপুরা/১ (৮)/২০১৫-১৬/ডি-০১১৭

তারিখঃ ১৯ মে ২০১৫ ইং

সোনামুড়ায় প্রথম শিবির আয়োজিত, আজ উদয়পুরে
ক্যারিয়ার চয়নে ছাত্র-ছাত্রীদের সহায়তায়
বিশেষ উদ্যোগ ইকফাই বিশ্ববিদ্যালয়ের

আগরতলা, ১৯ মেঃ

দ্বাদশমান উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার সঠিক ক্ষেত্র চয়নে যথাযথ পরামর্শ ও সহায়তা প্রদানে রাজ্যের সবক'টি জেলায় স্বতঃপ্রনোদিতভাবে ক্যারিয়ার কাউন্সেলিং-এর উদ্যোগ নিয়েছে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। মঙ্গলবার এধরনের প্রথম কাউন্সেলিং মিট্ আয়োজিত হয় সিপাহীজলা জেলার সোনামুড়া টাউন হলে। এই পরামর্শ শিবিরে মহকুমার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ৫০ জন উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থী ও বেশ কয়েকজন অভিভাবক অংশগ্রহন করেন।

বিশ্ববিদ্যালয়ের তরফে তিনজন অধ্যাপক যথাক্রমে অভিজিত বিশ্বাস, ধনঞ্জয় দত্ত এবং বাহারুল ইসলাম আজকের শিবিরে পৃথকভাবে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। শিবির চলাকালীন উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীদের মধ্যে চিকিৎসা বিজ্ঞান, কারিগরি শিক্ষা ও ম্যানেজমেন্ট বিষয়ে পড়াশোনার ঝোঁক বেশী পরিলক্ষিত হয়। কয়েকজন ছাত্র-ছাত্রী জানতে চান ডিগ্রী স্তরে কোন কোন সাধারণ কোর্সে পড়াশোনা করলে কর্মসংস্থানের বেশী সম্ভাবনা রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের তরফে শিবিরে উপস্থিত সবাইকে সমষ্টিগতভাবে জানানো হয়, যে কোন কোর্সে ভর্তি হওয়ার আগে সবচেয়ে জরুরী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে বিশদে খোঁজখবর নেওয়া। সে রাজ্যেরই হোক বা বহিঃরাজ্যের। সম্ভাবনার দিকটি বিবেচনায় না রেখে সন্তানদের অদম্য ইচ্ছাকে প্রাধান্য দিতে গিয়ে অভিভাবকদের একটি অংশ হামেশাই বড় ভুল করে বলেন বলে সবাইকে মনে করিয়ে দেওয়া হয়।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের তরফে রাজ্যের সবক'টি জেলাতেই এধরনের পরামর্শ শিবির করা হবে। আগামীকাল সকাল ১০টায় গোমতি জেলাভিত্তিক শিবির শুরু হবে উদয়পুরের পুরানো টাউন হলে। দক্ষিণ জেলার বিলোনীয়ায় পরবর্তী সহায়তা শিবির হবে আগামী বৃহস্পতিবার। ধলাই ও খোয়াই জেলার শিবির হবে এমাসের ২৫ ও ২৬ তারিখে।

প্রেস বিবৃতি